

কালীগঞ্জ সরকারি কলেজ

বিশেষ বিজ্ঞপ্তি

U.G. তৃতীয় বর্ষ পরীক্ষার সাধারণ নির্দেশিকা

কল্যাণী বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৮/০৯/২০২০ তারিখে প্রকাশিত পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি-র পরিপ্রেক্ষিতে ছাত্র-ছাত্রীদের জ্ঞাতার্থে নিম্নলিখিত বিষয়গুলি জানানো হচ্ছে –

- ১। বৈধ রেজিস্ট্রেশন নং, রোল নং ও সঠিক অ্যাডমিট কার্ড আছে সেই সকল পরীক্ষার্থীরা বাড়িতে বসে বিশ্ববিদ্যালয় ঘোষিত সূচি মেনে পরীক্ষা দিতে পারবে। পরীক্ষার্থীরা তাদের অ্যাডমিট কার্ড কিছুদিনের মধ্যে কলেজ ওয়েবসাইটের নির্দিষ্ট Link থেকে Download করতে পারবে। ১লা অক্টোবর, ২০২০ থেকে পরীক্ষা শুরু হবে, যার সূচি বিশ্ববিদ্যালয় ও কলেজ ওয়েবসাইট থেকে দেখা যাবে।
- ২। Question Paper (প্রশ্নপত্র) সংশ্লিষ্ট পরীক্ষার দিন পরীক্ষা শুরুর ১ ঘন্টা আগে বিশ্ববিদ্যালয় ও কলেজ ওয়েবসাইট থেকে Download (ডাউনলোড) করা যাবে।
- ৩। পরীক্ষার প্রশ্নের উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লিখতে হবে। উত্তর লেখার জন্য A4 সাইজের কাগজ ব্যবহার করতে হবে এবং এই কাগজের একদিকেই উত্তর লেখা যাবে। লিখিত কাগজগুলিতে ক্রমিক সংখ্যার [১,২,৩] উল্লেখ করতে হবে। উত্তরপত্রের প্রত্যেকটি পাতায় আবশ্যিকভাবে Registration Number, Roll No, Subject, Paper-এর উল্লেখ থাকতে হবে।
- ৪। পরীক্ষা শেষের নির্ধারিত সময়ের দুই (২) ঘন্টার মধ্যে স্বলিখিত উত্তরপত্র Scan (স্ক্যান) করে একটি PDF file-এ রূপান্তর করে কলেজ ওয়েবসাইটে প্রদত্ত নির্দিষ্ট Link-এ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীকেই প্রেরণ (আপলোড) করতে হবে। উত্তরপত্র জমা দেওয়ার ক্ষেত্রে নির্দিষ্ট সময়সীমা কঠোর ভাবে মেনে চলতে হবে।
- ৫। অনলাইন মাধ্যমে উত্তরপত্র পাঠাতে না পারলে, উত্তরপত্র মুখবন্ধ খামে ভরে, খামের ওপর Registration Number, Roll No, Subject এবং Paper-এর উল্লেখ করে পরীক্ষা শেষের নির্ধারিত সময়ের দুই [২] ঘন্টার মধ্যে কলেজ অফিসে জমা করতে হবে। তবে অবশ্যই মনে রাখতে হবে, বিশেষ জরুরি পরিস্থিতি অথবা অপ্রতিরোধ্য কারন প্রদর্শন ছাড়া কোনোভাবে এই পদ্ধতির প্রয়োগ করা যাবে না। বর্তমানে অতিমারী পরিবেশে বিশ্ববিদ্যালয় প্রদত্ত নিয়ম অনুসারে ছাত্র-ছাত্রীদের যথাসাম্য সামাজিক দূরত্ববিধি পালনপূর্বক Online Submission প্রক্রিয়া গ্রহন করতে নির্দেশ দেওয়া হচ্ছে।
- ৬। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তরপত্র প্রেরণ না করলে বা নিয়ম অনুসারে জমা না দিলে পরে আর কোনোভাবে উত্তরপত্র গ্রাহ্য করা হবে না।
- ৭। Practical অথবা Lab-based subject-এর ক্ষেত্রেও উপরিউক্ত নিয়মগুলি প্রযোজ্য।



Mahmud
21.09.20.
Officer-in-charge
Government General Degree
College at Kaliganj
Debagram, Nadia

৮। পরীক্ষার ফল প্রকাশের সম্ভাব্য তারিখ ৩১/১০/২০২০।

৯। কলেজের ওয়েবসাইট www.kaliganjgovtcollege.org

১০। পরীক্ষা সংক্রান্ত সমস্ত তথ্যের জন্য একটি Portal খোলা হয়েছে। সেই Portal- এর Link কলেজ ওয়েবসাইটে দেওয়া থাকবে।



Mahmud
21.09.20.
Officer-In-Charge
GGDC at Kaliganj
Officer-in-charge
Government General Degree
College at Kaliganj
Debagram, Nadia